

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭৯
ধর্মনগর, ২৪ জানুয়ারি, ২০২৪

**আমাদের রাজ্যের ছেলেমেয়েরা সর্বভারতীয়
ক্ষেত্রে নিজেদের সাফল্য তুলে ধরছে : ক্রীড়ামন্ত্রী**

কৃষ্টি, সংস্কৃতি এগুলি আমাদের স্থায়ী সম্পদ, আমাদের পরিচয়। গতকাল ধর্মনগরের বড়গোল গ্রামে চার দিনব্যাপী অনুষ্ঠিত সাংস্কৃতিক মেলা ও প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করে একথাগুলি বলেন রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। বড়গোল উচ্চ বিদ্যালয়ের মাঠে আয়োজিত এই মেলার উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, জিলা পরিষদের সদস্য কাজল দাস, কদমতলা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিদ্যাভূষণ দাস, বড়গোল গ্রামপঞ্চায়েতের প্রধান হেমন্ত কুমার নাথ, কদমতলা পঞ্চায়েত সমিতির বিভিন্ন সদস্য-সদস্যা। বড়গোল গ্রামের আরাধনা সাংস্কৃতিক সংস্থা এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে এই মেলা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমাজকল্যাণ মন্ত্রী টিংকু রায় আরও বলেন, আমাদের দেশের বড় শক্তি হল যুব শক্তি। সংগীত, ক্রীড়া ইত্যাদি ক্ষেত্রে আমাদের রাজ্যের ছেলে মেয়েরা সর্বভারতীয় ক্ষেত্রে নিজেদের তুলে ধরছে। এতে আমাদের রাজ্যের নাম উজ্জ্বল হচ্ছে। এই যুব শক্তিকে আরও সামনে এগিয়ে নিয়ে যেতে হবে। মেলায় বিভিন্ন দপ্তরের উদ্যোগে প্রদর্শনী স্টলও খোলা হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আরাধনা সাংস্কৃতিক সংস্থার সম্পাদক মিহির রঞ্জন নাথ। সভাপতিত্ব করেন কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুরত দেব।
